

পবিত্র আত্মার দান কি পবিত্র আত্মা লিঙ্গ বিভেদে দান করেন?

মূল শব্দ

χάρις

কারিস-charis = অনুগ্রহ; charismata = অনুগ্রহ দান

না! পৃথিবীস্থ মানুষ নেতা খোঁজার জন্য হয়তো ব্যক্তির বাহ্যিক চেহারা অথবা বুদ্ধির দিকে মনোযোগ দিতে পারে। কিন্তু ঈশ্বর ত্বকের রং বা বুদ্ধির চেয়ে আরও গভীরে তাকান। লোকেরা হয়তো মানুষের বয়স অথবা শক্তি, জনপ্রিয়তা, ক্ষমতা অথবা ব্যাংক ব্যালেন্স বিবেচনা করতে পারে। কিন্তু ঈশ্বর একজন ব্যক্তির চরিত্র জানেন।

১ শমুয়েল ১৬:৭ পদ বলে:

“কিন্তু সদাপ্রভু শমুয়েলকে বলিলেন, তুমি উহার মুখশ্রী বা কায়িক দীর্ঘতার প্রতি দৃষ্টিপাত করিও না, কারণ আমি উহাকে অগ্রাহ্য করিলাম। কেননা মনুষ্য যাহা দেখে, তাহা কিছু নয়; যেহেতু মনুষ্য প্রত্যক্ষ বিষয়ের প্রতি দৃষ্টিপাত করে, কিন্তু সদাপ্রভু অন্তঃকরণের প্রতি দৃষ্টিপাত করেন।”

পবিত্র আত্মা ঈশ্বর। তিনি সিদ্ধান্ত নেন। সে দান করে।

কে আত্মিক দান দেয় এই ব্যাপারে বিভ্রান্ত হবেন না। একজন ব্যক্তি আত্মিক দান পায় ঈশ্বরের কাছ থেকে।

ঈশ্বর সিদ্ধান্ত নেন কোন বিশ্বাসী মন্ডলীকে গড়ে তুলে ঈশ্বরের লক্ষ্য পূরণ করার জন্য কোন আত্মিক দান পাবেন। ঈশ্বরের চোখে যাকে উপযুক্ত মনে হয় তিনি তাকেই দান করেন।



আত্মিক দানের তালিকা: ক্রিয়াকলাপ ও জাতি

নতুন নিয়মে অল্প কিছু আত্মিক দানের তালিকা রয়েছে। রোমীয় ১২ অধ্যায় ৭টি দানের কথা বলা হয়েছে। ১ করিন্থীয় ১২ অধ্যায়ে ১১ টি দানের কথা বলা হয়েছে। ১ পিতর ৪ অধ্যায় ২ টি দানের কথা উল্লেখ করেছেন। এই তালিকার দান গুলি সাধারণ বা সহজাত প্রতিভা নয়, এগুলি এমন ক্রিয়াকলাপ যা পবিত্র আত্মার ক্ষমতায়ন দ্বারা সম্পন্ন হয়। ইফিসীয় ৪: ১১-১২ পদে এমন লোকদের উল্লেখ রয়েছে যারা মন্ডলীর জন্য উপহার স্বরূপ। অনেকেই এই তালিকাটিকে দান/উপহার না বলে পদাধিকার বলেন। এই পদে বলা আছে- আর তিনিই কয়েকজনকে প্রেরিত, কয়েকজনকে ভাববাদী, কয়েকজনকে সুসমাচার প্রচারক, ও কয়েকজনকে পালক ও শিক্ষাগুরু করিয়া দান করিয়াছেন। এই তালিকা প্রকাশ করে যে একজন পবিত্র আত্মার উপহার গ্রহণকারী ব্যক্তির কাজ হলো পরিচর্যাকারীদের (পুরো মন্ডলী) গড়ে তোলা। প্রেরিত, ভাববাদী, সুসমাচার প্রচারক, পালক ও শিক্ষকরা খ্রীষ্টের দেহকে সজ্জিত করার কাজে নিযুক্ত। (আপনি কি বাইবেল থেকে একটি ভাল উদাহরণ দিতে পারবেন যেখানে একজন নারী নেতৃত্ব দিচ্ছেন? এই ওয়ান পেজারটি দেখুন-)। আত্মিক কাজ করা অথবা পরিচর্যার জন্য আত্মিক সজ্জায় সজ্জিত করা- যে কাজই হোক না কেন- পবিত্র আত্মাই সমস্ত কিছু নির্ধারণ করেন!

কারিশমাটা Charismata = ঈশ্বরের অনুগ্রহ দান

ঈশ্বরের অনুগ্রহ উদ্ভূত হয়, প্রবাহিত হয় ঈশ্বরের উদার ও প্রাচুর্যময় চরিত্র থেকে। ঈশ্বর মন্ডলীকে প্রচুর পরিমাণে তাঁর আনুকূল্য, আশীর্বাদ ও ক্ষমতায়নকারী উপস্থিতি দেন।

নারী ও পুরুষ উভয়ই ঈশ্বরের অনুগ্রহ লাভ করে, তাদের শারীরিক গঠন বা লিঙ্গের উপর ভিত্তি করে নয়। আমরা সবাই আত্মিক দান গ্রহণ করি যাতে খ্রীষ্টের দেহ গড়ে তুলতে পারি ও পরিপক্ব করতে পারি।

“বাইবেল কোন পুরুষ আত্মিক দানের তালিকা নেই, আবার কোন নারী আত্মিক দানের তালিকাও নেই”

উপসংহার

যেহেতু ঈশ্বর হৃদয় দেখেন, সকল বিশ্বাসীদের উচিত খ্রীষ্টের দেহের উপকার ও গড়ে তোলার জন্য ঈশ্বর প্রদত্ত আত্মিক দান গুলি অনুশীলন করা। আমরা যেন ঈশ্বরের কন্যা ও পুত্রদের আত্মিক দান ব্যবহার করা থেকে প্রশমিত করে বা অস্বীকার করে যেন পবিত্র আত্মাকে অসম্মান না করি!

চারটি গুরুত্বপূর্ণ প্রশ্ন

১. এই পৃষ্ঠাটি ঈশ্বর সম্পর্কে আমাদেরকে কি শেখায়?
২. জাতি বা লোক সম্পর্কে কি শিক্ষা দেয়?
৩. আমি কোন আদেশটি পালন করবো?
৪. আমি এটি কার কাছে বলতে পারি?